

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা
fisheries.khulnadiv.gov.bd

জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ আওতায় নৈতিকতা কমিটি ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক
সভার তারিখ	২০/০২/২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা-এর জন্য শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি সভায় সদস্য সচিবকে শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর আলোকে আলোচনা এবং ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র দপ্তরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সভায় নৈতিকতা কমিটির সদস্য সচিব, সহকারী পরিচালক ২০২৩-২৪ অর্থ বছরের শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের তথ্য উপস্থাপন করেন। সভায় তিনি জানান যে, শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় গঠিত নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী দপ্তরের শূদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেটরে শূদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এ সকল বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। তিনি সভায় উপস্থিত সদস্যগণকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করেন।

২য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত বাস্তবায়ন
১	২	৩
০১	শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব বন্টন	১। ওয়েবপোর্টাল হালনাগাদকরণ করা হয়েছে ২। মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থাকরণ সহ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
০২	জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন	১। ২০২৩-২৪ অর্থ বছরের শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের তথ্য ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। ২। ২০২৩-২৪ অর্থ বছরে দপ্তরের ১২ জন কর্মকর্তা/কর্মচারীকে ২য় ত্রৈমাসিকে শূদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩। দপ্তরে আগত যে কোন সেবা গ্রহীতার তথ্য সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়েছে।

৩য় সভার সিদ্ধান্তসমূহ

সভায় উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বস্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়-

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১	২	৩

০১	শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব বন্টন	১। ওয়েবপোর্টাল হালনাগাদকরণ অব্যহত রাখার জন্য সহকারী পরিচালক ও মৎস্য সম্প্রসারণ অফিসার কে অনুরোধ করা হলো।
০২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন	১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আগামী ২৯.০২.২৪ তারিখ বাগেরহাট সদরে আয়োজিত হবে। ২। দপ্তরে আগত যে কোন সেবা গ্রহিতার তথ্য সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২১-০২-২০২৪

মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০২.০০০০.৩০৪.৪২.০০১.২২.১০১

বিতরণ:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (সদয় অবগতির জন্য) এবং
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), খুলনা বিভাগ।।




২১-০২-২০২৪

মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক